

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্যসেবা বিভাগ
পার-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd



নং-৪৫.০০.০০০০.১৪৭.১৬.০০৬.২০-৩৬৫


তারিখঃ ১৯.০৫.২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মন্ত্রিপরিষদ বিভাগের কোভিড-১৯ এর বিস্তারোধকল্পে শর্তসাপেক্ষে সাধারণ ছুটি বর্ধিতকরণ/চলাচলে নিষেধাজ্ঞা বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৪ মে ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১০৩ নং স্মারক ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ মে ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.-১৩৭ নং পত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, দেশে বর্তমান কোভিড ১৯ এর অবস্থা বিবেচনা করে জনসাধারণের চলাচল কঠোরভাবে নিয়ন্ত্রণ, এর সফল বাস্তবায়ন এবং সরকারী কর্মকর্তা, কর্মচারীসহ সকল পেশায় কর্মরত ব্যক্তিবর্গ যাতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিজ নিজ কর্মস্থলে অবস্থান করেন (সংক্রমনরোধ করার উদ্দেশ্যে) সে বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর কোভিড-১৯ বিষয়ক জাতীয় টেকনিক্যাল পরামর্শক কমিটি পরামর্শ প্রদান করেছেন। উল্লেখ্য, এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক উল্লিখিত স্মারকে কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সাধারণ ছুটি বর্ধিতকরণ/চলাচলে নিষেধাজ্ঞা সংক্রান্ত একটি পত্র জারী করা হয়েছে। পত্রটির ২ ও ১৪ নম্বর ক্রমিকে উল্লিখিত বিষয়সমূহ নিম্নরূপঃ

- সাধারণ ছুটি এবং চলাচলে নিষেধাজ্ঞাকালে এক জেলা হতে অন্য জেলা এবং এক উপজেলা হতে অন্য উপজেলায় জনসাধারণের চলাচল কঠোরভাবে নিয়ন্ত্রিত থাকবে। জেলাপ্রশাসন আইন-শৃঙ্খলা বাহিনীর সহায়তায় এ নিয়ন্ত্রণ সতর্কভাবে বাস্তবায়ন করা হবে। করোনা ভাইরাসের সংক্রমণ রোধকল্পে জনগণকে অবশ্যই ঘরে অবস্থান করতে হবে। রাত ৮:০০টা হতে সকাল ৬:০০টা পর্যন্ত অতীব জরুরি প্রয়োজন ব্যতীত (প্রয়োজনীয় ক্রয়-বিক্রয়, ঔষধক্রয়, চিকিৎসাসেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে আসা যাবে না;
- উক্ত সাধারণ ছুটি/চলাচলে নিষেধাজ্ঞাকালে কেউ কর্মস্থল ত্যাগ করতে পারবে না। উক্ত সময়ে সড়ক পথে গণপরিবহন, যাত্রীবাহী নৌযান ও রেল চলাচল এবং অভ্যন্তরীণ রুটে বিমান চলাচল বন্ধ থাকবে এবং মহাসড়কে মালবাহী/জরুরি সেবায় নিয়োজিত যানবাহন ব্যতীত অন্যান্য যানবাহন কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়সমূহ সফলভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(শামীমা মাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৪

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (রাজনৈতিক)]

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৭. বিভাগীয় কমিশনার (সকল)।
০৮. উপ মহাপুলিশ পরিদর্শক (সকল)
০৯. পুলিশ কমিশনার (সকল)
১০. যুগ্মসচিব (প্রশাসন/পার/বাজেট/উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)
১৪. পরিচালক/তত্ত্বাবধায়ক (সকল), মেডিকেল কলেজ হাসপাতাল/জেলা হাসপাতাল/জেলা সদর হাসপাতাল/জেনারেল হাসপাতালসমূহ।
১৫. পুলিশ সুপার (সকল)
১৬. সিভিল সার্জন (সকল)
১৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৯. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।